

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।
ই-মেইল-bochaganjuao@cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.২৭২১.০০০.৪৩.০০১.২২.১৬৭

তারিখঃ-০৪/০৬/২০২৩ খ্রিঃ

বরাবর

বোচাগঞ্জ, দিনাজপুর।

বিষয়: Pre-Audit কার্যক্রম যথাযথভাবে সমাধান করার জন্য ২০২২-২৩ অর্থ বছরের বিল দাখিল প্রসঙ্গে।

সূত্র: সিজিএ নং-০৭.০৩.০০০০.০০৩.০৩.০০১.২৩.২২৮

তারিখ: ৩১/০৫/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, প্রত্যেক অর্থ বছরের শেষ দিকে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণে বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেমে তথা iBAS++ এ বিল/চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকতর Pre-Audit যথাযথভাবে সমাধান করা এবং আর্থিক শৃংখলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাৱশ্যক। এ ছাড়া iBAS++ সিস্টেমে ২৫ জুন মধ্যরাতে ১২.০০ ঘটিকায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণ পূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে চেক ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটান আশংকা থাকে।

২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরের আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক অর্থ বছরের শেষ সময়ে অনেক বেশি দাখিল না করে এর আগেই হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও-কে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। উল্লেখ্য যে, হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS এর উন্নততর ভার্সন iBAS++ চালু করা হয়েছে। উক্ত ভার্সনটি সম্পূর্ণ ইন্টারনেট ভিত্তিক হওয়ায় সার্বক্ষমিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতীত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে বিলসমূহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। এ বিষয়ে মন্ত্রণালয়ের সহযোগিতা ও মন্ত্রব্য/পরামর্শ হিসাবরক্ষণ অফিসের জন্য সহায়ক হবে।


০৪/৬/২০২৩

(মোছাঃ ফাতেমা জোহরা)

উপজেলা হিসাবরক্ষণ অফিসার

বোচাগঞ্জ, দিনাজপুর।